চলতি বছরেই অনুষ্ঠিত হবে স্থানীয় সরকার নির্বাচন: মির্জা ফখরুল



মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, চলতি বছরেই স্থানীয় সরকার নির্বাচন অনুষ্ঠিত হবে।

বুধবার (১৮ মার্চ) সন্ধ্যায় গুলশানে দলীয় চেয়ারপারসনের কার্যালয়ে গণমাধ্যমকর্মীদের সঙ্গে আলাপকালে তিনি জানান, নির্বাচন প্রক্রিয়া ইতোমধ্যে এগোচ্ছে এবং যত দ্রুত সম্ভব ভোট হবে।

মধ্যপ্রাচ্যের সংঘাত প্রসঙ্গে মির্জা ফখরুল বলেন, বিএনপি যখনই ক্ষমতায় আসে, তখন বড় ধরনের চ্যালেঞ্জ দেখা দেয়। এ বছর তা এসেছে ইরান-সংক্রান্ত যুদ্ধে, যা তেলের মূল্য বৃদ্ধির মাধ্যমে বিশ্বব্যাপী সমস্যার সৃষ্টি করেছে। তবে তিনি উল্লেখ করেন, বিএনপি সরকার যোগ্যতার সঙ্গে বিষয়গুলো মোকাবিলা করছে, তাই দেশে তেলের দাম এখনও স্থিতিশীল রয়েছে। এছাড়া গার্মেন্টস খাতে বেতন সংক্রান্ত কোনো ঝামেলা হয়নি, কারণ আগাম ব্যবস্থা নেওয়া হয়েছে।

সংবিধান সংস্কার পরিষদ সংক্রান্ত প্রশ্নের জবাবে মির্জা ফখরুল বলেন, জুলাই সনদের বিষয়গুলোতে সরকার শতভাগ প্রতিশ্রুতিবদ্ধ। যেসব বিষয়ে একমত হয়েছে, সেগুলোতে কোনো ছাড় দেওয়া হবে না। তবে যেগুলো চাপানো হয়েছে, সেগুলো সবসময় মেনে নেওয়া সম্ভব নয়; বিষয়গুলো নিয়ে আলোচনা অব্যাহত রয়েছে।

তিনি আরও বলেন, সংসদে আলোচনার মাধ্যমে সমস্যা সমাধান করা উচিত। আগে থেকেই রাস্তায় হুমকি প্রদানের পদ্ধতি সঠিক নয়। নতুন পার্লামেন্টে তর্ক-বিতর্ক, ওয়াকআউট ও আলোচনাই স্বাভাবিক এবং এর মধ্য দিয়েই সংসদের কার্যকারিতা প্রমাণিত হয়।